

## ভক্ত মন্দির মিউজিকাল নাইট ২০১৩

বিগত ২৫শে আগস্ট ২০১৩ রাইড সিভিক হলে অনুষ্ঠিত হল ভক্তমন্দির সিডনী কর্তৃক আয়োজিত এক ব্যক্তিক্রমধর্মী মিউজিকাল নাইট। এটি মূলত: ভক্ত মন্দির সিডনী আয়োজিত একটি ফাস্ট রেইজিং প্রোগ্রাম। এই অনুষ্ঠানে উপর্যুক্ত সমুদয় অর্থ মন্দির ভক্তীর কাজে ব্যায়িত হবে। চারশতাধিক দর্শকের উপস্থিতিতে, প্রানবস্ত তরঙ্গন তরঙ্গনীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি একটি আলাদা মাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সুরসঙ্গ এর পরিচালক নিতিন মদন, দীপা অরোরা ও desi.com.au এর এডমিন আরতি বাসা। শুরুতেই মঙ্গলবীপ জুলিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করা হয়। ভক্তমন্দির এর একবাক শিশু কিশোর কিশোরীর সমবেত ভক্তি সংগীত ইথারে ইথারে ছড়িয়ে পরে। সমস্ত হল ভর্তি দর্শকের হাদয় আপুত করে। উদ্বোধনী অনুষ্ঠানে ভক্ত মন্দির এর আয়োজক, স্পসর, শুভান্যুধায়ী, ফেডারেল এম.পি লরি ফারগুসন, নিউ সাউথ ওয়েলস্ লেবার সিনেটর ম্যাট থিসেলথওয়েইট, গ্রীনওয়ে এম.পি মাইকেল রোলান্ড স্থানীয় মেয়র ও কাউন্সিলরদের উপস্থিতিতে হরিশ ভেলজি মংগল দ্বীপ প্রজুলন করেন। পুরো অনুষ্ঠানটি সংযোগ সাধন, সমন্বিতকরণ ও সর্বাঙ্গীন সুন্দর করার জন্য সংগঠনের সাংস্কৃতিক সম্পদক শ্রী মতি উর্মি তালুকদার অক্লান্ত পরিশ্রম করেছেন। এম.পি মাইকেল রোলান্ড অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মরনে রবীন্দ্রসংগীত দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন জয়ীতা ও ঝাতুপর্ণা ঘোষ। এরপর একে একে সংগীত পরিবেশন করেন ২০১১ ও ২০১২ এর অন্ত্রিম ইন্ডিয়ান আইডল চ্যাম্পিয়ন ও রানার আপ শিল্পীবৃন্দ। একে একে সংগীত নিয়ে মঞ্চে আসেন মনীষ কুমার, নিতিন শর্মা, জেসমিন গিল, জ্বতা রবিশংকর, জগপ্রীত গ্রোভার ও পারমিতা দে। সাথে ছিল সাজ ব্যান্ড গ্রাফ্প।

ক্যানবেরা থেকে আগত স্বনামধন্য শিল্পী পারমিতা দে বাংলা গান গেয়ে দর্শক শ্রেষ্ঠাদের মুক্ত করেন।

এর পরে একক, ক্লাসিকাল ও দলীয় নৃত্য পরিবেশন করেন সি.কে পারফর্মিং আর্টস, নিপ-ইন্ডো ফিউসন গ্রাফ্প, উষা বাড়িয়া, সোয়ান্তিক ইনসিটিউট অব ডাস এবং রোড টু বলিউড এর কুশগীবৃন্দ। সোয়ান্তিকের দলীয় নৃত্যনকশা ছিল অনবদ্য ও অভূতপূর্ব। নিপ-ইন্ডো গ্রাফ্পের দলীয় নৃত্যে একটা আলাদা ডাইমেনশন ছিল এবং সিডনীর দর্শকেরা অনেকদিন মনে রাখবে।

একক সংগীতের পরপরই, ১৪ত ও দলীয় সংগীত পরিবেশন করেন শিল্পীবৃন্দ। বাংলা, হিন্দী, মারাঠী, ইংলিশ রি-মিস্ট ও পাঞ্জাবী ভাষায় ও বিচিত্র সুরে রাইড সিভিক হল থিয়েটার সেদিন মুখরিত হয়েছিল। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বলিউড এর প্রথিতোষশা সংগীত শিল্পী উদিত নারায়ন এর সহযোগী শিল্পী জেসমিন গিল ও রাধিকা রাত্ত। এ অনুষ্ঠানকে উপলক্ষ করে দুই বাংলা তথা ভারত উপমহাদেশের সংস্কৃতি প্রিয় দর্শকেরা মিলিত হয়েছিল এক মহা-মিলন মেলায়। কানায় কানায় হল ভর্তি দর্শকের প্রানবস্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি সার্থকতা লাভ করে।

তার্থনিক ভাবে এক দর্শক মন্দির এর জন্য ৫০০০ ডলার অনুদান ঘোষনা করেন। সাথে সাথে আরও দর্শক তাদেক অনুদান এর হাত নিয়ে এগিয়ে আসেন। সব মিলিয়ে প্রায় ২৫,০০০ ডলার সংগৃহীত হয়েছে জানালেন সুমন সাহা ও সতীর্থৱা। উক্ত অনুষ্ঠানে শুধুমাত্র দর্শকের কাছ থেকেই প্রায় ১৪,০০০ ডলার অনুদান সংগৃহীত হয়েছে। আরও ১০-১২ হাজার ডলার অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গেছে। অনুষ্ঠানটি সর্বাঙ্গীন সুন্দর, গোছানো ও সার্থক করার জন্য ভক্তমন্দির এর একবাক তরঙ্গন ভল্টাস্টিয়ারদের অবদান প্রনিধানযোগ্য। সম্মিলিত প্রচেষ্টা, সদিচ্ছা ও মননশীলতা থাকলে স্বপেড়বর মন্দির এর জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহে খুব বেশী দিন লাগবেনা বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

